জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা-১৩৪২

বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির লক্ষ্যে প্রকাশিত বিজ্ঞপ্তির D-ইউনিটের অন্তর্ভূক্ত জীববিজ্ঞান অনুষদের বিভাগসমূহে **ইংরেজি মাধ্যমের শিক্ষার্থীদের** আবেদনের ন্যূনতম যোগ্যতাসমূহ নিম্নোক্তভাবে সহজীকরণ করা হলো:

পূর্বের যোগ্যতা	পরিবর্তিত যোগ্যতাসমূহ
ঙ. **ইংরেজি মাধ্যমের শিক্ষার্থীদের জন্য:** **D ইউনিটের ক্ষেত্রে:** A-Level এ পদার্থবিজ্ঞান, রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে। তবে ফার্মেসী বিভাগ ও বায়েটেকনোলজী এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ক্ষেত্রে পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে এবং পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগের ক্ষেত্রে রসায়ন, জীববিজ্ঞান, গণিত ও ইংরেজিতে (O-Level অথবা A-Level) পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে।	ঙ. **ইংরেজি মাধ্যমের শিক্ষার্থীদের জন্য:** **D ইউনিটের ক্ষেত্রে: A-Level এ উদ্ভিদবিজ্ঞান বিভাগ ও প্রাণিবিদ্যা বিভাগের ক্ষেত্রে জীববিজ্ঞানে ন্যূনতম B গ্রেড/সমমান, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ ও মাইক্রোবায়োলজি বিভাগের ক্ষেত্রে রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/ সমমান, ফার্মেসী বিভাগ ও বায়েটেকনোলজী এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ক্ষেত্রে পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান এবং পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগের ক্ষেত্রে রসায়ন, জীববিজ্ঞান, গণিত ও ইংরেজিতে (O-Level অথবা A-Level) পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে।**

D-ইউনিটের অন্তর্ভূক্ত জীববিজ্ঞান অনুষদের বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় (MCQ) বিষয়ভিত্তিক ন্যূনতম শর্ত নিম্নোক্তভাবে প্রযোজ্য হবে:

D-ইউনিটের অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট বিভাগ	পূর্বের শর্ত	পরিবর্তিত শর্ত
বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং	রসায়ন, জীববিজ্ঞান এবং গণিতে পৃথকভাবে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে।	**রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে।**

ইতিপূর্বে প্রকাশিত ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

স্বাক্ষরিত/-(সৈয়দ মোহাম্মদ আলী রেজা)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং
সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি